

২০২১

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-A-1

(বাংলার সমাজ ও সংস্কৃতির ইতিহাস)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) সংক্ষেপে বাঙালি জাতির নৃতাত্ত্বিক পরিচয় দাও। ১০  
অথবা,  
(খ) প্রাচীন বঙ্গদেশে বৌদ্ধধর্মের প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১০
- ২। (ক) সমাজ সংস্কারক হিসেবে রাজা রামমোহন রায়ের কৃতিত্বের পরিচয় দাও। ১০  
অথবা,  
(খ) ঊনবিংশ শতকে বঙ্গদেশে মুক্তচিন্তার বিকাশে ডিরোজিও-র প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১০
- ৩। (ক) বাহান্ন-র ভাষা আন্দোলনের প্রেক্ষাপট বর্ণনা করে এই আন্দোলনের গুরুত্ব ও ফলাফল সম্পর্কে আলোচনা করো। ১০  
অথবা,  
(খ) স্বাধীনতা-পূর্ববর্তী ভারতবর্ষে বাঙালি মুসলমানের স্বতন্ত্র জাতিসত্তা বিকশিত হওয়ার কারণগুলি সংক্ষেপে আলোচনা করো। ১০
- ৪। (ক) প্রাচীন বাংলার ভৌগোলিক বৈশিষ্ট্যের পরিচয় দাও। ৫  
অথবা,  
(খ) সাহিত্য ও সংস্কৃতির পৃষ্ঠপোষকরূপে হুসেন শাহের ভূমিকা ব্যাখ্যা করো। ৫
- ৫। (ক) বাংলার ইতিহাসে 'তত্ত্ববোধিনী সভা'-র গুরুত্ব সম্পর্কে আলোচনা করো। ৫  
অথবা,  
(খ) 'স্কুল বুক সোসাইটি' কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়? এই সোসাইটি প্রতিষ্ঠার উদ্দেশ্য সম্পর্কে আলোকপাত করো। ৫
- ৬। (ক) ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের কারণগুলি সংক্ষেপে আলোচনা করো। ৫  
অথবা,  
(খ) 'দলিত' বলতে কাদের বোঝানো হয়ে থাকে? দলিতদের অধিকার প্রতিষ্ঠায় সরকারি উদ্যোগ কতটা কার্যকর হতে পারে? ৫

Please Turn Over

৭। যে-কোনো একটি বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো।

৫×১

প্রাচীন বাংলার অর্থনীতি, ব্রাহ্মসমাজ, নকশাল আন্দোলন।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর লেখো।

১×১৫

- (ক) 'বাঙ্গালীর ইতিহাস' গ্রন্থটির লেখক কে?
- (খ) 'বিক্রমশীলা মহাবিহার' কে প্রতিষ্ঠা করেন?
- (গ) বাংলায় কৌলীন্য প্রথার প্রবর্তক কে?
- (ঘ) কাকে পরাজিত করে বখতিয়ার খিলজি বাংলায় মুসলিম শাসনের সূচনা করেন?
- (ঙ) গুণরাজ খাঁ কার উপাধি?
- (চ) বিদ্যাসাগর লিখিত বিধবা বিবাহ বিষয়ক একটি রচনার নাম লেখো।
- (ছ) 'বিদ্যোৎসাহিনী সভা' কে প্রতিষ্ঠা করেন?
- (জ) 'হিন্দু প্যাট্রিয়ট' পত্রিকার সম্পাদক কে ছিলেন?
- (ঝ) কলিকাতা বিশ্ববিদ্যালয় কবে প্রতিষ্ঠিত হয়?
- (ঞ) 'তত্ত্ববোধিনী পাঠশালা' কার তত্ত্বাবধানে প্রতিষ্ঠিত হয়?
- (ট) গুরচাঁদ ঠাকুর কী জন্য বিখ্যাত?
- (ঠ) 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটির রচয়িতা কে?
- (ড) 'সেই সময়' উপন্যাসের লেখক কে?
- (ঢ) বরাক উপত্যকার শিলচরে ভাষা আন্দোলন কবে হয়েছিল?
- (ণ) বঙ্গভঙ্গ আন্দোলনের সময় রবীন্দ্রনাথের লেখা একটি গানের প্রথম পঙ্ক্তিটি উল্লেখ করো।